# ফের বাড়ল জাতীয় ঐকমত্য কমিশনের মেয়াদ, জুলাই সনদ স্বাক্ষরের প্রস্তুতি




সংগৃহীত ছবি

সরকার জাতীয় ঐকমত্য কমিশনের মেয়াদ ৩১ অক্টোবর পর্যন্ত বাড়িয়েছে। বর্ধিত মেয়াদের মধ্যেই কমিশন জুলাই সনদ স্বাক্ষরের প্রক্রিয়া সম্পন্ন করবে বলে জানিয়েছেন সহ-সভাপতি ড. আলী রীয়াজ।

জাতীয় ঐকমত্য কমিশনের মেয়াদ আবারও বাড়ানো হয়েছে। বৃহস্পতিবার (১৬ অক্টোবর) মন্ত্রিপরিষদ বিভাগের প্রজ্ঞাপনের মাধ্যমে এই সিদ্ধান্ত কার্যকর করা হয়। প্রজ্ঞাপনে বলা হয়েছে, ১২ ফেব্রুয়ারি গঠিত কমিশনের মেয়াদ ৩১ অক্টোবর পর্যন্ত বৃদ্ধি পেয়েছে এবং এটি অবিলম্বে কার্যকর হবে।

কমিশনের সহ-সভাপতি ড. আলী রীয়াজ জানিয়েছেন, বর্ধিত মেয়াদের মধ্যেই জুলাই সনদ স্বাক্ষরের সব প্রস্তুতি সম্পন্ন হয়েছে। তিনি আশা প্রকাশ করেছেন, আগামীকাল শুক্রবার সব দল এই সনদে স্বাক্ষর করবে।

প্রসঙ্গত, জাতীয় ঐকমত্য কমিশনের মেয়াদ এটি তৃতীয়বার বাড়ানো হলো। এর আগে ১৫ সেপ্টেম্বর এক মাসের জন্য মেয়াদ বৃদ্ধি করা হয়েছিল। এবার ১৫ দিন মেয়াদ বাড়ানো হয়েছে।

LENS ASIA